ভোরের কাগজ

DEC. 1 1 2001

তারিখ ... পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬

## এসএসসি ২০০২

# এক হাজার পরীক্ষার্থীকে নিয়ে চট্টগ্রাম সিটি করপোরেশনে তুলকালাম

**চট্টগ্রাম অফিস :** এসএসসির নির্বাচনী পরীক্ষা নিয়ে চট্টগ্রাম সিটি করপোরেশনে তুলকালাম চলছে। দুই বিষয়ে অকৃতকার্য প্রায় এক হাজার ছাত্রছাত্রীকে চূড়ান্ত পরীক্ষায় সুযোগ দেওয়ার দাবিতে ঘেরাও-অবস্থান ধর্মঘটসহ বিভিন্ন কর্মসূচি পালন করা হচ্ছে। কিন্তু সিটি করপোরেশন এখনো তাদের সিদ্ধান্তে অনড় থাকায় ছাত্রছাত্রীরা হতাশ হয়ে পড়েছে। গত রোববার ঘেরাও কর্মসূচি চলাকালে পুলিশ তাদের ছত্রভঙ্গ করে দিয়ে দুজন অভিভাবককে গ্রেপ্তার করে।

আন্দোলনরত ছাত্রছাত্রী ও অভিভাবকদের সঙ্গে আলাপ করে জানা গেছে, চট্টগ্রাম সিটি করপোরেশনের আওতাধীন ৪২টি স্কুলের প্রায় দেড় হাজার ছাত্রছাত্রী নির্বাচনী পরীক্ষায় এক ও দুই বিষয়ে অকৃতকার্য হয়। কিন্ত
করপোরেশনের শিক্ষা বিভাগ সিদ্ধান্ত নেয়
এক বিষয়ে অকৃতকার্যদের মধ্যে শুধুমাত্র
অঙ্ক বিষয়ে ১৮ নম্বর প্রাপ্তদের চূড়ান্ত
পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেওয়া হবে
অন্যদের নয়। কিন্তু এই দেড় হাজার
ছাত্রছাত্রী ও অভিভাবকরা এ সিদ্ধান্তের
প্রতিবাদে প্রেসক্লাবের সামনে অবস্থান
ধর্মঘট ও রোববার চট্টগ্রাম সিটি
করপোরেশন ঘেরাও কর্মসূচি পালন করে।

রোববার সকাল থেকে প্রায় শতাধিক
ছাত্রছাত্রী এবং অভিভাবক চট্টগ্রাম সিটি
করপোরেশনের প্রধান গেটের সামনে
অবস্থান নেয়। কিন্তু দুপুর পৌনে ১টা
দিকে কোতোয়ালি থানা পুলিশ ঘটনাস্থলে
উপস্থিত হয়ে ঘেরাওকারীদের ছাত্রভ
করে দিয়ে দুজনকে গ্রেপ্তার করে।
ব্যাপারে একজন অভিভাবক বলে
সরকারি এবং বেসরকারি সব স্কুলে এ
দুই এমনকি তিন বিষয়ে অকৃতকার্যদে
চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের সুযে
দিচ্ছে। কিন্তু সিটি করপোরেশনে
আওতাধীন ৪২টি স্কুলের স্বেচ্ছাচা
সিদ্ধান্তের কারণে প্রায় দেড় হাজ
ছাত্রছাত্রীর শিক্ষা জীবনে অনিশ্চয়তা দে
দিয়েছে

এদিকে এ আন্দোলনের ব্যাপ
চট্টগ্রাম সিটি করপোরেশনের প্রধান শি
কর্মকর্তা মোঃ মতিয়ুর রহমান বলে
নকলরোধ এবং শিক্ষার মান উন্নয়নে
সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তাতে হ